

🗏 আল-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০:১

া আরবি মূল আয়াত:

سَالَ سَائِلٌ بِعَذَابٍ وَّاقِعٍ ﴿ ١ ﴾

🗚 অনুবাদসমূহ:

এক প্রশ্নকারী জিজ্ঞাসা করল এমন আযাব সম্পর্কে, যা আপতিত হবে-* — আল-বায়ান এক ব্যক্তি চাইল সে 'আযাব যা অবশ্যই সংঘটিত হবে। — তাইসিরুল এক ব্যক্তি চাইল সংঘটিত হোক শাস্তি যা অবধারিত — মুজিবুর রহমান

A supplicant asked for a punishment bound to happen — Sahih International *আয়াতিটর আরেক অর্থ হল, 'একজন প্রার্থনাকারী এমন আযাবের দো'আ করল যা আপতিত হবে'।

১. এক ব্যক্তি চাইল, সংঘটিত হোক শাস্তি যা অবধারিত(১)—

(১) এ শব্দটি কখনও তথ্যানুসন্ধান ও জিজেস করার অর্থে আসে। তখন আরবী ভাষায় এর সাথে এ অব্যয় ব্যবহৃত হয়। সে অনুসারে আয়াতের অর্থ হলো একজন জিজেসকারী জানতে চেয়েছে যে, তাদেরকে যে আযাব সম্পর্কে অবহিত করা হচ্ছে তা কার ওপর আপতিত হবে? আল্লাহ তা'আলা এ প্রশ্নের জওয়াব দিয়েছেন এই বলে যে, তা কাফেরদের ওপর পতিত হবেই। আবার কখনও এ শব্দটি আবেদন ও কোন কিছু চাওয়া বা দাবী করার অর্থে আসে। আয়াতে এই অর্থে আসার কারণে এর সাথে ৄ এ অব্যয় ব্যবহৃত হয়েছে। [দেখুন: ফাতহুল কাদীর] অধিকাংশ মুফাসসির এ অর্থই গ্রহণ করেছেন। বিভিন্ন বর্ণনায় ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে এসেছে, নদর ইবনে হারেস এই আযাব চেয়েছিল। [নাসায়ী; তাফসীর ২/৪৬৩, নং ৬৪০, মুস্তাদরাকে হাকিম: ২/৫০২] সে কুরআন ও রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর প্রতি মিথ্যারোপ করতে গিয়ে ধৃষ্টতাসহকারে আল্লাহ তা'আলার কাছে আযাব চেয়েছিল। এটি ছাড়াও কুরআন মজীদের আরো অনেক স্থানে মন্ধার কাফেরদের এ চ্যালেঞ্জেরও উল্লেখ করা হয়েছে যে, আপনি আমাদের যে আযাবের ভয় দেখাচ্ছেন তা নিয়ে আসছেন না কেন? যেমন, সূরা ইউনুস: ৪৬–৪৮; সূরা আল অম্বিয়া: ৩৬–৪১; সূরা আন–নামল: ৬৭–৭২; সূরা সাবা: ২৬–৩০; ইয়াসীন: ৪৫–৫২ এবং সূরা আল–মূলক: ২৪–২৭।

তাফসীরে জাকারিয়া

(১) এক ব্যক্তি[1] চাইল, সংঘটিত হোক অবধারিত শাস্তি।

اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقِّ] वना रुग़ या, এই ব্যক্তি ছिन नायत विन रातित्र अथवा आवृ जारुन या वत्निहिन, ﴿اللَّهُمَّ إِنْ كَانَ هَذَا هُوَ الْحَقّ



عِنْدِكَ فَأَمْطِرْ عَلَيْنَا حِجَارَةً مِنَ السَّمَاءِ अर्था९, হে আল্লাহ! এটা যদি তোমার পক্ষ থেকে (আগত) সত্য দ্বীন হয়ে থাকে, তাহলে আমাদের উপর আকাশ থেকে প্রস্তর বর্ষণ কর কিংবা আমাদের উপর বেদনাদায়ক শাস্তি অবতীর্ণ কর।" (সূরা আনফাল ৩২ আয়াত) সুতরাং এই লোকটি বদরের যুদ্ধে মারা পড়ল। কেউ কেউ বলেন, এ থেকে রসূল (সাঃ)-কে বুঝানো হয়েছে। যিনি স্বীয় গোত্রের জন্য বদ্দুআ করেছিলেন। যার ফলে মক্কাবাসীর উপর দুর্ভিক্ষ এসেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5376

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন